



জনসংযোগ কার্যালয়

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৬টি আবাসিক হল এবং ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র

উদ্বোধন করলেন মাননীয় প্রধানমন্ত্রী ॥ বিশ্ববিদ্যালয়ে আনন্দ শোভাযাত্রা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৪ নভেম্বর ২০২৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ৬টি আবাসিক হল এবং ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র নামে ১টি গবেষণা কেন্দ্র উদ্বোধন করেছেন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অধিকতর উন্নয়ন প্রকল্পের জন্য সরকারের বরাদ্দকৃত ১৪৪৫ কোটি ৩৬ লক্ষ টাকায় মোট ২৩টি স্থাপনার মধ্যে প্রথম ধাপে নির্মিত এই ৬টি হল হলো শেখ রাসেল হল, শহীদ তাজউদ্দীন আহমদ হল, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হল, বীরপ্রতীক তারামন বিবি হল, রোকেয়া হল এবং ফজিলতুন্নেসা হল। গণভবন থেকে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি এসব আবাসিক হল উদ্বোধনের পাশাপাশি ২০০৯-২০১৩ মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের সময়ে নির্মিত ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রও আজ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানটি সকাল দশটায় বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে সরাসরি সম্প্রচার করা হয়। এ সময় মাননীয় প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন স্থানে সর্বমোট ১৫৭টি প্রকল্প উদ্বোধন করেন। উদ্বোধনী ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী বলেন, ‘আওয়ামী লীগ জনগণের ভোটেই বাবরবার নির্বাচিত হয়ে রাষ্ট্রীয় দায়িত্বে এসেছে। তিনি বলেন, দীর্ঘসময় সরকারে থাকার কারণেই আমরা যেভাবে উন্নয়ন পরিকল্পনা করেছিলাম সেভাবে করতে পেরেছি।’ মাননীয় প্রধানমন্ত্রী বলেন, ‘বাংলাদেশকে দেখে এখন আর কেউ বলতে পারবে না এদেশ দরিদ্র দেশ, প্রাকৃতিক দুর্ঘটনার দেশ, হাত পেতে চলার দেশ। আমরা এখন একটা মর্যাদাশীল দেশে পরিণত হয়েছি। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল।’ তিনি দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবার সহযোগিতা কামনা করেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভার্চুয়ালি বিশ্ববিদ্যালয়ের ৭টি স্থাপনার উদ্বোধনী অনুষ্ঠান প্রত্যক্ষ করার জন্য বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে জাতীয় সংসদের ঢাকা-২০ আসনের সংসদ সদস্য বেনজীর আহমদ, উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: আবু ইউসুফ মিয়া, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, বিভিন্ন অনুষদের ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, প্রেস্টের, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর সংসদ সদস্য বেনজীর আহমদ এবং উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের নেতৃত্বে এক আনন্দ শোভাযাত্রা বের হয়। শোভাযাত্রাটি জহির রায়হান মিলনায়তন থেকে শুরু করে নতুন প্রশাসনিক ভবনে এসে শেষ হয়। শোভাযাত্রার সমাপনী বক্তব্যে উপাচার্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অধিকতর উন্নয়ন প্রকল্পে বরাদ্দ দানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ৭টি স্থাপনা উদ্বোধনের মুহূর্তকে বিশ্ববিদ্যালয়ের জন্য এক বিশেষ মাহেন্দ্রক্ষণ উল্লেখ করে বলেন, এই মাহেন্দ্রক্ষণের স্মৃতি বিশ্ববিদ্যালয়ের সকলের হাদয়ে অঙ্গান হয়ে থাকবে। উপাচার্য তাঁর বক্তব্যে আরও বলেন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সম্পূর্ণ একটি আবাসিক বিশ্ববিদ্যালয় হওয়া সত্ত্বেও বেশ কিছু বছর হলো শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বিশ্ববিদ্যালয়টি তার আবাসিক চরিত্র হারিয়েছিল। আজ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১০ তলা বিশিষ্ট ৬টি আবাসিক হল উদ্বোধনের মাধ্যমে প্রত্যেক হলে ১ হাজার করে মোট ৬ হাজার শিক্ষার্থীর আবাসন ব্যবস্থার সুযোগ হলো। এর ফলে বিশ্ববিদ্যালয় আবার পূর্ণাঙ্গ আবাসিক চরিত্র ফিরে পাবে। উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ও দৃঢ় নেতৃত্ব এবং দূরদর্শিতার সাথে উদারহণে শিক্ষায় বিনিয়োগ বাংলাদেশকে কাঞ্চিত স্পন্দনের পূরণের পথে এগিয়ে নিচ্ছে বলে মন্তব্য করেন। উপাচার্য বর্তমান সরকারের স্মার্ট বাংলাদেশের রূপকল্প-২০৪১ বাস্তবায়নে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পাশে থাকবে বলে অঙ্গীকার করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

